রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ১৫, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা মাঘ, ১৩৯৬/১৫ ফেব্রুয়ারী, ১৯৯০

নং এস, আর, ও ৬৭-আইন/৯০—যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মালয়েশীয় সরকার দ্বৈত করারোপণ পরিহার এবং আয়ের উপর কর সম্পর্কিত রাজস্ব ফাঁকি প্রতিরোধের জন্য চুক্তি সম্পাদন করিয়াছেন;

সেহেতু, এক্ষণে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984), এর Section 144 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিলেন যে, এতদসংগে সংযোজিত উক্ত চুক্তির বিধানাবলী বাংলাদেশে কার্যকর হইবে।

চুক্তি

আয়করের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং সরকারী রাজস্ব এড়ানো প্রতিরোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মালয়েশীয় সরকারের মধ্যে

চুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

মালয়েশীয় সরকার

আয়করের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং সরকারী রাজস্ব এড়ানো প্রতিরোধকল্পে চুক্তি করিবার ইচ্ছা পোষণ করিয়া নিম্নরূপে চুক্তি সম্পাদন করিতে সম্মত হইয়াছেনঃ -

মূল্য ঃ টাকা ৩·৬০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 1 / 48

অনুচ্ছেদ ১

ব্যক্তিগত আওতা

চুক্তি সম্পাদনকারী এক অথবা উভয় রাষ্ট্রের অধিবাসী ব্যক্তিদের প্রতি এই চুক্তি প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২

চুক্তির অন্তর্ভুক্ত করসমূহ

১। চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্র কর্তৃক আরোপিত আয়করের ক্ষেত্রে উহা যেভাবেই আরোপিত হউক না কেন, এই চুক্তি প্রযোজ্য হইবে।

২। বিদ্যমান যে সকল করের ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য হইবে সেইগুলি নিম্নে প্রদত্ত হইলঃ

(ক) বাংলাদেশের ক্ষেত্রেঃ আয়কর;

(অতঃপর "বাংলাদেশ কর" বলিয়া উল্লেখিত)।

(খ) মালয়েশীয়ার ক্ষেত্রেঃ

(১) আয়কর ও অধিকতর মুনাফা-কর;

(২) সম্পূরক আয়কর, অর্থাৎ টিনের উপর মুনাফা-কর, উন্নয়ন-কর ও কাঠের উপর মুনাফা-কর; এবং

(৩) পেট্রোলিয়ামের উপর আয়কর;

(অতঃপর মালয়েশীয় কররূপে উল্লেখিত)।

৩। চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর বিদ্যমান করসমূহের অতিরিক্ত কিংবা উহাদের পরিবর্তে ধার্যকৃত অনুরূপ অথবা প্রায় একই ধরণের করসমূহের ক্ষেত্রেও এই চুক্তি প্রযোজ্য হইবে। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ তাঁহাদের নিজ নিজ কর আইনে আনীত যে কোন গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্পর্কে পরস্পরকে অবহিত করিবেন।

অনুচ্ছেদ ৩

সাধারণ সংজ্ঞাসমূহ

১। প্রসঙ্গের প্রয়োজনে অন্যরূপ না হইলে, এই চুক্তিতেঃ

(ক) "বাংলাদেশ" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ বুঝাইবে;

(খ) "মালয়েশিয়া" বলিতে মালয়েশীয় ফেডারেশন বুঝাইবে এবং মালয়েশিয়ার জল-সীমা সংলগ্ন এইরূপ কোন অঞ্চল ইহার অন্তর্ভুক্ত হইবে, যাহা আন্তর্জাতিক আইন অনুসারে মালয়েশীয় আইনের অধীন কোন এলাকারূপে পরিগণিত অথবা

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 2 / 48

অতঃপর যাহা অনুরূপভাবে পরিগণিত হইতে পারে যেখানে সমুদ্রতল ও উহার নিম্নবর্তী ভূ-স্তর এবং উহাদের প্রাকৃতিক সম্পদের উপর মালয়েশিয়া তাহার অধিকার প্রয়োগ করিতে পারে;

(গ) "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র" এবং "চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র" বলিতে প্রসঙ্গের প্রয়োজন অনুযায়ী বাংলাদেশ অথবা মালয়েশিয়াকে বুঝাইবে;

(ঘ) "কর" বলিতে প্রসঙ্গের প্রয়োজন অনুযায়ী বাংলাদেশ কর অথবা মালয়েশীয় কর বুঝাইবে;

(ঙ) "ব্যক্তি" বলিতে চুক্তি সম্পাদনকারী পক্ষদ্বয়ের নিজ নিজ রাষ্ট্রে বলবৎ কর আইনে নির্দিষ্ট ব্যক্তি বুঝাইবে;

(চ) "কোম্পানী" বলিতে সংবিধিবদ্ধ কোন সংস্থা অথবা অন্য কোন প্রতিষ্ঠান বুঝাইবে, যাহা চুক্তি সম্পাদনকারী পক্ষদ্বয়ের কোন রাষ্ট্রের কর আইনে কোম্পানী হিসাবে গণ্য;

(ছ) "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী" এবং "চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের অধিবাসী" বলিতে প্রসঙ্গের প্রয়োজন অনুযায়ী বাংলাদেশের অধিবাসী কোন ব্যক্তি এবং মালয়েশিয়ার অধিবাসী কোন ব্যক্তিকে বুঝাইবে;

(জ) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের 'উদ্যোগ' (enterprise) এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের "উদ্যোগ" বলিতে যথাক্রমে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী কর্তৃক পরিচালিত "উদ্যোগ" এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের অধিবাসী কর্তৃক পরিচালিত "উদ্যোগ" বুঝাইবে;

(ঝ) "আন্তর্জাতিক পরিবহন ব্যবস্থা" বলিতে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অভ্যন্তরে কার্যকরভাবে পরিবহন ব্যবস্থাপনায় নিয়োজিত কোন "উদ্যোগ (enterprise)" কর্তৃক পরিচালিত জাহাজ অথবা বিমানে যে কোন প্রকারের পরিবহন বুঝাইবে, তবে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের অভ্যন্তরে বিভিন্ন স্থানের মধ্যে উক্ত জাহাজ অথবা বিমান কর্তৃক পরিচালিত পরিবহন বুঝাইবে না;

(ঞ) "নাগরিক" বলিতে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের জাতীয়তা অথবা নাগরিকত্ব লাভের অধিকারী ব্যক্তি বুঝাইবে, এবং চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে বলবৎ আইনবলে আইনানুগ মর্যাদাসম্পন্ন কোন ব্যক্তি, অংশীদারিত্ব ও পরিমেল (association) এবং অনুরূপ মর্যাদাসম্পন্ন অন্য কোন সত্ত্বাও বুঝাইবে;

(ট) "উপযুক্ত কর্তৃপক্ষ" বলিতেঃ

(১) বাংলাদেশের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড অথবা উহার অনুমোদিত প্রতিনিধিকে বুঝাইবে;

(২) মালয়েশিয়ার ক্ষেত্রে মালয়েশীয় অর্থমন্ত্রী অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত প্রতিনিধিত্বকে বুঝাইবে।

২। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক এই চুক্তি প্রয়োগের ক্ষেত্রে, প্রসঙ্গের প্রয়োজনে অন্যরূপ না হইলে, যে শব্দের ভিন্নরূপ কোন সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই শব্দ, উক্ত রাষ্ট্রের কর আইন অনুযায়ী এই চুক্তির ক্ষেত্রে প্রযোজ্য অর্থ বহন করিবে।

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 3 / 48

অনুচ্ছেদ ৪

অধিবাসী

১। এই চুক্তির উদ্দেশ্যসমূহ পূরণকল্পে চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের অধিবাসী বলিতে এইরূপ কোন ব্যক্তি বুঝাইবে, যিনি সেই রাষ্ট্রের কর সংক্রান্ত আইন অনুযায়ী তাঁহার বাসস্থান, আবাস-ভূমি, ব্যবস্থাপনা-কেন্দ্র থাকার দরুন অথবা অনুরূপ প্রকৃতির অন্য কোন নীতি অনুযায়ী উক্ত রাষ্ট্রের অধিবাসী।

২। যেক্ষেত্রে ১ প্যারার বিধানসমূহের দরুন কোন ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের অধিবাসী, সেক্ষেত্রে তাঁহার মর্যাদা নিম্নরূপে নির্ধারিত হইবেঃ

(ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে তাঁহার নিজ ব্যবহারের জন্য কোন স্থায়ী বাড়ী থাকিলে, তিনি সেই রাষ্ট্রের একজন অধিবাসী বলিয়া গণ্য হইবেন। যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তাঁহার নিজ ব্যবহারের জন্য কোন স্থায়ী বাড়ী থাকে, তাহা হইলে, যে রাষ্ট্রের সহিত তাঁহার ব্যক্তিগত অর্থনৈতিক সম্পর্ক (গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র) অধিকতর জড়িত, তিনি সেই রাষ্ট্রের অধিবাসী বলিয়া গণ্য হইবেন;

(খ) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে তাঁহার গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র রহিয়াছে তাহা নির্ণয় করিতে পারা না গেলে অথবা চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে তাঁহার নিজ ব্যবহারের জন্য কোন স্থায়ী বাড়ী না থাকিলে, তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের অধিবাসী বলিয়া গণ্য হইবেন, যে রাষ্ট্রে তিনি সচরাচর বসবাস করিয়া থাকেন;

(গ) যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তিনি সচরাচর বাস করেন অথবা উহাদের কোনটিতেই তিনি বাস না করেন, তাহা হইলে তিনি যে রাষ্ট্রের নাগরিক সেই রাষ্ট্রের অধিবাসী বলিয়া গণ্য হইবেন;

(ঘ) যদি তিনি উভয় রাষ্ট্রের নাগরিক হন অথবা উহাদের কোনটিরই নাগরিক না হন, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক সম্মতিক্রমে এই বিষয়ের মীমাংসা করিবেন।

৩। ১ প্যারার বিধনাবলীর কারণে, কোন একক ব্যক্তি ছাড়া কোন আইনানুগ সত্তা চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের অধিবাসী হইলে, উহা সেই রাষ্ট্রের অধিবাসী বলিয়া গণ্য হইবে যে রাষ্ট্রে উহার কার্যকরী ব্যবস্থাপনার ক্ষেত্রে অবস্থিত।

অনুচ্ছেদ ৫

স্থায়ী প্রতিষ্ঠান

১। এই চুক্তির উদ্দেশ্যে "স্থায়ী প্রতিষ্ঠান" বলিতে কারবারের সেইরূপ নির্দিষ্ট কোন স্থান বুঝাইবে যে স্থানে উক্ত প্রতিষ্ঠানের কারবার সমগ্রভাবে বা আংশিকভাবে পরিচালিত হয়।

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 4 / 48

২। "স্থায়ী প্রতিষ্ঠান" বলিতে বিশেষভাবে নিম্নলিখিতগুলি ইহার অন্তর্ভুক্ত হইবেঃ

(ক) ব্যবস্থাপনার স্থান;

(খ) শাখা;

(গ) অফিস;

(ঘ) কারখানা;

(ঙ) কর্মশালা;

(চ) কোন গুদাম ঘর যেখানে অন্যের মালামাল রাখার সুযোগ-সুবিধা রহিয়াছে;

(ছ) খনি, তৈল বা গ্যাসকূপ, খাদ অথবা কাঠ কিংবা অন্যবিধ খনিজ সম্পদসহ প্রাকৃতিক সম্পদ আহরণের অন্যূন্য স্থান;

(জ) খামার বা ক্ষেত;

(ঝ) অট্টালিকা নির্মাণ স্থান বা নির্মাণ কিংবা ১৮৩ দিনের অধিককাল স্থায়ী স্থাপিত-যন্ত্রাদি বা সংযোজন প্রকল্প (assembly project)।

৩। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলীতে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, "স্থায়ী প্রতিষ্ঠান" বলিতে নিম্নলিখিতগুলি ইহার অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে নাঃ

(ক) উদ্যোগ (enterprise)-এর মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী কেবল সংরক্ষণ বা প্রদর্শনের উদ্দেশ্যে সুবিধাদির সদ্ব্যবহার;

(খ) কেবল সংরক্ষণ বা প্রদর্শনের উদ্দেশ্যে উদ্যোগের মালিকানাধীন দ্রব্য বা পণ্য-সামগ্রীর মওজুদ রক্ষণাবেক্ষণ;

(গ) উদ্যোগ (enterprise)-টির মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্যসামগ্রী অন্য উদ্যোগ কর্তৃক কেবলমাত্র প্রক্রিয়াজাতকরণের জন্য রক্ষণাবেক্ষণ;

(ঘ) উদ্যোগ (enterprise)-এর জন্য দ্রব্য বা পণ্যসামগ্রী কেবল ক্রয় করার উদ্দেশ্যে কিংবা তথ্য সংগ্রহের নিমিত্ত কারবারের নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;

(ঙ) কেবলমাত্র বিজ্ঞাপিতকরণ, তথ্য সরবরাহ, বৈজ্ঞানিক গবেষণা অথবা প্রস্তুতিমূলক বা উহার সহায়ক প্রকৃতির কার্যাবলী পরিচালনার উদ্দেশ্যে উদ্যোগ (enterprise)-এর কারবারের নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ।

৪। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের মধ্যে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise)-এর "স্থায়ী প্রতিষ্ঠান" রহিয়াছে বলিয়া গণ্য হইবেঃ

(ক) যদি উহা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের মধ্যে ১৮৩ দিনের অধিককাল যাবৎ নির্মাণ, যন্ত্রাদি স্থাপন অথবা সংযোজন প্রকল্প সংক্রান্ত কার্যের তদারকী করিয়া থাকেন; অথবা

(খ) যদি উদ্যোগ (enterprise)-এর সঙ্গে চুক্তির মাধ্যমে বা চুক্তির উদ্দেশ্যে অথবা চুক্তির অধীন উক্ত অপর রাষ্ট্রের মধ্যে পর্যাপ্ত সরঞ্জাম ব্যবহার বা স্থাপন করা হইয়া থাকে।

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

৫। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে কেহ যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উদ্যোগ (enterprise)-এর পক্ষে অথবা উহার জন্য কাজ করেন তবে (এই অনুচ্ছেদের ৬ প্যারায় প্রযোজ্য স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন কোন এজেন্ট ব্যতীত) তিনি প্রথমোক্ত রাষ্ট্রে "স্থায়ী প্রতিষ্ঠান" হিসাবে গণ্য হইবেন, যদি—

(ক) উক্ত উদ্যোগ (enterprise)-এর পক্ষে কিংবা উহার জন্য প্রথমোক্ত রাষ্ট্রে চুক্তি সম্পাদন করার কর্তৃত্ব তাঁহার থাকে এবং তিনি উহা সচরাচর প্রয়োগ করেন এবং তাঁহার কার্যাবলী কেবল উদ্যোগের জন্য দ্রব্য বা পণ্য-সমাগ্রী ক্রয়ের মধ্যে সীমিত না থাকে; অথবা

(খ) তিনি প্রথমোক্ত রাষ্ট্রে সেই উদ্যোগ (enterprise)-এর মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্য-সামগ্রী সচরাচর রক্ষণাবেক্ষণ করেন যাহা হইতে তিনি উক্ত উদ্যোগ (enterprise)-এর পক্ষে বা উহার জন্য নিয়মিতভাবে আদেশ তামিল করেন কিংবা দ্রব্য অথবা পণ্য-সামগ্রী অর্পণ করেন;

(গ) তিনি সম্পূর্ণভাবে কিংবা প্রায় সম্পূর্ণভাবে শুধু উক্ত উদ্যোগ (enterprise)-এর জন্য বা উহার দ্বারা নিয়ন্ত্রিত কোন উদ্যোগ কিংবা উহার নিয়ন্ত্রণমূলক স্বার্থ রহিয়াছে এমন কোন উদ্যোগ বা অন্যান্য উদ্যোগের জন্য প্রথমোক্ত রাষ্ট্রে সচরাচর দ্রব্য বা পণ্য-সামগ্রীর বিক্রয়াদেশ লইয়া থাকেন।

৬। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise) যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোন দালাল, সাধারণ কমিশন এজেন্ট অথবা স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন অন্য কোন এজেন্টের মাধ্যমে উক্ত অপর রাষ্ট্রে উহার কারবার পরিচালনা করে তাহা হইলে, ঐ সকল ব্যক্তি তাহাদের সাধারণ কারবার পরিচালনাকালে তাহাদের কার্যাবলী এই অনুচ্ছেদের ৫(গ)-এর আওতায় পড়ে না কেবলমাত্র সেই কারণে উক্ত অপর রাষ্ট্রে উক্ত উদ্যোগের কোন স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে বলিয়া গণ্য হইবে না।

৭। প্রকৃতপক্ষে এমন কোন কোম্পানী যাহা চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী তাহা যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন কোম্পানীকে নিয়ন্ত্রণ করে কিংবা তদ্বারা নিয়ন্ত্রিত হয়, যে কোম্পানী উক্ত অপর রাষ্ট্রের অধিবাসী অথবা যাহা (কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে বা প্রকারান্তরে) উক্ত অপর রাষ্ট্রে কারবার পরিচলানা করে, তবে তদ্বারা উক্ত কোম্পানী স্বয়ংক্রিয়ভাবে একটি অপরটির স্থায়ী প্রতিষ্ঠান বলিয়া প্রতিপন্ন হয় না।

অনুচ্ছেদ ৬

স্থাবর সম্পত্তির আয়

১। চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থাবর সম্পত্তি অবস্থিত কেবলমাত্র সেই রাষ্ট্রেই উক্ত সম্পত্তির আয় করযোগ্য হইবে।

২। চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থাবর সম্পত্তি অবস্থিত সেই রাষ্ট্রের আইন অনুসারে উক্ত সম্পত্তির সংজ্ঞা নিরূপণ করা হইবে। তবে স্থাবর সম্পত্তির আনুষংগিক সম্পত্তি, গবাদি পশু, কৃষি ও বনজ-শিল্পে ব্যবহৃত সরঞ্জামাদি যৎপ্রতি ভূ-সম্পদ সম্পর্কিত সাধারণ আইনের বিধানাবলী প্রযোজ্য এইরূপ অধিকার, স্থাবর সম্পত্তির উপসত্ত্বের ভোগাধিকার এবং খনিজ-

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 6 / 48

সম্পদ, তৈল অথবা গ্যাসকূপ, খাদ ও প্রাকৃতিক সম্পদ আহরণের অন্যান্য স্থানে অথবা কাঠ কিংবা অন্যান্য বনজ-সম্পদ আহরণ স্থানে কাজ করিবার অধিকারের পণস্বরূপ পরিবর্তনীয় বা নির্ধারিত লেনদেনের অধিকার ইহার অন্তর্ভুক্ত হইবে। জাহাজ, নৌকা ও উড়োজাহাজ স্থাবর সম্পত্তিরূপে গণ্য হইবে না।

৩। স্থাবর সম্পত্তির সরাসরি ব্যবহার, উহা ভাড়া দেওয়া অথবা অন্য যে কোন উপায়ে উহা ব্যবহারের জন্য প্রাপ্ত আয়ের ক্ষেত্রে এই অনুচ্ছেদের ১ প্যারার বিধানাবলী প্রযোজ্য হইবে।

৪। কোন উদ্যোগ (enterprise)-এর স্থাবর সম্পত্তি, এবং পেশাগত কর্ম (service) সম্পাদনার্থে ব্যবহৃত স্থাবর সম্পত্তি হইতে লব্ধ আয়ের ক্ষেত্রে (১) এবং (৩) প্যারার বিধানাবলীও প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ৭

কারবারী মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise)-এর মুনাফা কেবলমাত্র ঐ রাষ্ট্রেই করযোগ্য হইবে—যদি উক্ত উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে অবস্থিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে সেখানে ব্যবসা পরিচালনা না করে। যদি উক্ত উদ্যোগ উপরউক্তভাবে ব্যবসা পরিচালনা করে তাহা হইলে উক্ত উদ্যোগের লাভ অপর রাষ্ট্রে করযোগ্য হইবে, তবে কেবলমাত্র উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপণীয় মুনাফাই করযোগ্য হইবে।

২। এই অনুচ্ছেদের ৩ প্যারার বিধানাবলী সাপেক্ষে যেক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise) চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে অবস্থিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে, সেক্ষেত্রে যদি উহা স্বতন্ত্র ও পৃথক পৃথক ব্যবসায় প্রতিষ্ঠান হিসাবে নিয়োজিত থাকিয়া একই বা অনুরূপ শর্ত মোতাবেক একই বা অনুরূপ কার্যাবলী পরিচালনা করিত এবং যদি উহা যে উদ্যোগ (enterprise)-এর স্থায়ী প্রতিষ্ঠান উহার সহিত সম্পূর্ণ স্বতন্ত্রভাবে লেনদেন করিত তাহা হইলে উহার পরিমাণ মুনাফা অর্জিত হইত বলিয়া অভিপ্রেত হয়, চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের সেই পরিমাণ মুনাফা অর্জিত হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে।

৩। কোন স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নির্ধারণের ক্ষেত্রে, উক্ত প্রতিষ্ঠান যদি কোন স্বতন্ত্র উদ্যোগ (enterprise) হয় তাহা হইলে উহার নির্বাহী ও সাধারণ প্রশাসনিক ব্যয়সহ, উক্ত উদ্যোগ যে রাষ্ট্রে অবস্থিত উক্ত ব্যয় সেই রাষ্ট্রে হউক কিংবা অন্য কোথাও হউক, যতদূর তাহা যুক্তিসংগতভাবে উক্ত প্রতিষ্ঠানের প্রতি আরোপণীয় ততদূর কর্তনযোগ্য খরচ হিসাবে ধরিয়া লওয়া হইবে, কিন্তু এমন কোন ব্যয় অনুরূপ কর্তনের আওতাভুক্ত হইবে না যাহা উক্ত রাষ্ট্রের আইনের অধীন উহার কোন উদ্যোগ (enterprise)-এর ক্ষেত্রে কর্তনযোগ্য বলিয়া অনুমোদন করা হয় না।

৪। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের প্রথানুযায়ী কোন স্থায়ী প্রতিষ্ঠানের প্রতি আরোপণীয় মুনাফা উহার উদ্যোগের বিভিন্ন অংশের মধ্যে সামগ্রিক মুনাফা বণ্টনের ভিত্তিতে নির্ধারণের ক্ষেত্রে, ২ প্যারার কোন কিছুই চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের প্রথানুযায়ী বণ্টনের ভিত্তিতে করযোগ্য মুনাফা নির্ধারণে বাধা প্রদান করিবে না, তবে গৃহীত উক্ত বণ্টন রীতি এমন হইতে হইবে যে, ইহার ফল এই অনুচ্ছেদে বর্ণিত নীতিমালার সহিত সংগতিপূর্ণ হইবে।

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 7 / 48

৫। কোন স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক উহার উদ্যোগ (enterprise)-এর জন্য দ্রব্য অথবা পণ্য-সামগ্রী ক্রয় করা হয়, কেবলমাত্র এই কারণেই উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা হয় বলিয়া ধরিয়া লওয়া যাইবে না।

৬। এই অনুচ্ছেদের পূর্ববর্তী প্যারাগুলির উদ্দেশ্য সাধনকল্পে, স্থায়ী প্রতিষ্ঠানের প্রতি আরোপণীয় মুনাফা, বিপরীতে সঠিক ও পর্যাপ্ত কারণ না থাকিলে, প্রতি বৎসর একই পদ্ধতিতে নির্ধারণ করা হইবে।

৭। এই চুক্তির অন্যান্য অনুচ্ছেদে পৃথকভাবে ব্যবস্থা গৃহীত হইয়াছে এইরূপ আয়সমূহ মুনাফার অন্তর্ভুক্ত হইয়া থাকিলে, এই অনুচ্ছেদের বিধানাবলীর দ্বারা ঐ সকল অনুচ্ছেদের বিধানাবলী প্রভাবিত হইবে না।

অনুচ্ছেদ ৮

বিমান পরিবহন

১। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের উদ্যোগ (enterprise) কর্তৃক আন্তর্জাতিক বিমান-পথে বিমান চলাচল হইতে প্রাপ্ত ক্রয় কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। বিমান পরিবহনে নিয়োজিত উদ্যোগের যে-কোন প্রকার পুলে অংশগ্রহণের ফলে প্রাপ্ত আয়ের ক্ষেত্রে ১ প্যারার বিধানাবলী অনুরূপভাবে প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ৯

জাহাজ চলাচল

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise) কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে আন্তর্জাতিক পরিবহন পথে জাহাজ চলাচলের মাধ্যমে অর্জিত আয় উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে, তবে উক্ত অপর রাষ্ট্রে অনুরূপ আয়ের উপর যে কর ধার্য করা হইবে উহার শতকরা পঞ্চাশ ভাগের সমপরিমাণ অর্থ হ্রাস করা হইবে।

২। অনুরূপ জাহাজ চলাচলের ক্ষেত্রে নিয়োজিত উদ্যোগসমূহ (enterprise)-এর যে-কোন ধরণের পুলে (pool) অংশগ্রহণ হইতে লব্ধ আয়ের উপর ১ প্যারার বিধানাবলী সমভাবে প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ১০

সহযোগী উদ্যোগসমূহ

যেক্ষেত্রে—

(ক) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise) চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উহার ব্যবস্থাপনায়, নিয়ন্ত্রণে অথবা পুঁজিতে অংশগ্রহণ করে, অথবা

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 8 / 48

(খ) একই ব্যক্তিবর্গ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের, এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ অথবা পুঁজিতে অংশগ্রহণ করেন,

সেক্ষেত্রে উভয় উদ্যোগের বাণিজ্যিক অথবা আর্থিক বিষয় সম্পর্কে যদি এইরূপ শর্তাবলী প্রণীত বা আরোপিত হয় যাহাতে উক্ত স্বতন্ত্র উদ্যোগদ্বয়ের মধ্যে পার্থক্যের সৃষ্টি হয় এবং উদ্যোগদ্বয়ের কোনটির যে পরিমাণ মুনাফা হইত উক্ত শর্তাবলী থাকার কারণে সেই পরিমাণ মুনাফা যদি না হয়, তবে এইরূপ কোন শর্ত না থাকিলে, উহার যে পরিমাণ মুনাফা অর্জিত হইত, তাহা উক্ত উদ্যোগের মুনাফার শামিল হইবে, এবং তদানুসারে কর আরোপ করা হইবে।

অনুচ্ছেদ ১১

লভ্যাংশ

১। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের অধিবাসী কোম্পানী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন অধিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর উক্ত অপর রাষ্ট্রের কর আরোপ করা যাইবে।

২। বাংলাদেশের অধিবাসী কোন কোম্পানী কর্তৃক মালয়েশিয়ার কোন অধিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর বাংলাদেশ উহার আইন অনুযায়ী কর আরোপ করিতে পারিবে তবে উক্ত আরোপিত করের পরিমাণ লভ্যাংশের মোট পরিমাণের শতকরা ১৫ ভাগের অধিক হইবে না।

৩। যদি মালয়েশিয়ার অধিবাসী কোন কোম্পানী কর্তৃক বাংলাদেশের এইরূপ কোন অধিবাসীকে লভ্যাংশ প্রদান করা হয়, যিনি উহার সুবিধাভোগের অধিকারী এবং উক্ত লভ্যাংশের উপর যিনি কর প্রদান করিতে বাধ্য তবে তিনি মালয়েশিয়ায় উক্ত কোম্পানীর আয়ের উপর ধার্যযোগ্য করের অতিরিক্ত লভ্যাংশের উপর কোন কর প্রদানে বাধ্য নহেনঃ

তবে শর্ত থাকে যে, মালয়েশীয় কর কর্তন করা হইয়াছে বা কর্তন করা হইবে বলিয়া গণ্য করা হইয়াছে, মালয়েশিয়ার অধিবাসী এমন কোন কোম্পানী কর্তৃক লভ্যাংশ সম্পর্কিত মালয়েশিয়ায় যে আইনের অধীন কর প্রদান করা হইয়াছে উহার বিধানাবলীকে এই প্যারার কোন কিছুই প্রভাবিত করিবে না, এবং যে বৎসর লভ্যাংশ প্রদান করা হইয়াছে তাহার ঠিক পরবর্তী বৎসর মালয়েশীয় কর—নির্ধারণ বৎসরের করের হার অনুযায়ী সেই লভ্যাংশের উপর প্রদত্ত করের সমন্বয় সাধন করা যাইতে পারে।

৪। এই অনুচ্ছেদে উল্লেখিত "লভ্যাংশ" বলিতে শেয়ারের আয় অথবা ঋণের দাবী নহে এমন অন্য সকল অধিকার, মুনাফায়—অংশগ্রহণ বাবদ অন্যান্য অধিকার বুঝাইবে, এবং বণ্টনকারী কোম্পানী যে রাষ্ট্রের অধিবাসী সেই রাষ্ট্রের রাষ্ট্রীয় কর আইনবলে বণ্টনকৃত শেয়ারের উপর অনুরূপ অন্যান্য যৌথ—অধিকার হইতে লব্ধ আয়ও বুঝাইবে।

৫। লভ্যাংশ গ্রহীতা যদি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী হইয়া, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের অধিবাসী কোন কোম্পানীর, উক্ত অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে কারবার পরিচালনা করেন এবং যে হোল্ডিং-এর বদৌলতে উক্ত লভ্যাংশ প্রদান করা হয় তাহা যদি কার্যকরীভাবে সেখানে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট হয় তাহা হইলে এই অনুচ্ছেদের ২ এবং ৩ প্যারার বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭-এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 9 / 48

৬। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী কোন কোম্পানী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোন মুনাফা বা আয় লাভ করিয়া থাকিলে, চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রে, উক্ত কোম্পানী কর্তৃক প্রদত্ত লভ্যাংশের উপর কোন কর আরোপ নাও করিতে পারেন, তবে উক্ত অপর রাষ্ট্রের অধিবাসীকে প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে, কিংবা যে হোল্ডিং-এর ব্যাপারে লভ্যাংশ প্রদান করা হয় সেই হোল্ডিং উক্ত অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের সঙ্গে কার্যকরীভাবে সম্পর্কিত থাকার ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হইবে, যদিও প্রদত্ত লভ্যাংশ বা অবণ্টনকৃত মুনাফা সম্পূর্ণ বা আংশিকভাবে উক্ত অপর রাষ্ট্রে অর্জিত হইয়া থাকে তবু কোম্পানীর উক্ত অবণ্টনকৃত মুনাফার উপর কোন কর আরোপ করা হইবে না।

৭। এই অনুচ্ছেদের বিধানাবলী কোম্পানী যে মুনাফা হইতে লভ্যাংশ অর্জন করিবে তাহার উপর করারোপণ প্রভাবিত করিবে না।

অনুচ্ছেদ ১২

সুদ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে লব্ধ সুদ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন অধিবাসীকে প্রদান করা হইলে তাহা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। যাহা হউক, এইরূপ সুদ চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে লব্ধ সেই রাষ্ট্রের আইন অনুযায়ী সেই রাষ্ট্রেই করযোগ্য হইতে পারে, কিন্তু যদি প্রাপক উক্ত সুদের সুবিধার অধিকারী হন, তাহা হইলে অনুরূপভাবে ধার্যকৃত করের পরিমাণ মোট সুদের শতকরা ১৫ ভাগের অধিক হইবে না।

৩। ২ প্যারার বিধানাবলীতে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, বাংলাদেশের কোন অধিবাসী যে সুদের সুবিধা লাভের অধিকারী সেই সুদ যে কর্জ বা অন্যবিধ ঋণ বাবদ প্রদান করা হয় তাহা যদি ১৯৬৭ সনের মালয়েশীয় আয়কর আইনের (সংশোধিত) ২(১) ধারার সংজ্ঞানুযায়ী অনুমোদিত বা দীর্ঘ মেয়াদী কর্জ হয় তাহা হইলে উক্ত সুদ মালয়েশীয় করমুক্ত হইবে।

৪। এই অনুচ্ছেদে বর্ণিত "সুদ" বলিতে বন্ধকের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত হউক বা না হউক এবং ঋণ গ্রহীতার মুনাফায় অংশগ্রহণের অধিকার থাকুক বা না থাকুক, এইরূপ সকল প্রকার ঋণ দাবী হইতে অর্জিত আয়, এবং বিশেষ করিয়া, সরকারী সিকিউরিটি, বণ্ড বা ডিবেঞ্চারের সহিত সংশ্লিষ্ট প্রিমিয়াম ও পুরস্কারসহ সিকিউরিটি, বণ্ড বা ডিবেঞ্চার হইতে অর্জিত আয়, এবং যে রাষ্ট্রে আয়ের উৎপত্তি হইয়াছে উহার কর আইনবলে প্রাপ্ত ঋণের টাকা হইতে অর্জিত মূল আয়ের অংগীভূত অন্যবিধ আয় বুঝাইবে।

৫। যদি সুদ গ্রহীতা চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী হইয়া চুক্তি সম্পাদনকারী অপর যে রাষ্ট্রে সুদের উৎপত্তি হইয়াছে সে রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত রাষ্ট্রে কারবার পরিচালনা করেন, এবং যে ঋণ দাবী সম্পর্কে সুদ প্রদান করা হয় তাহা যদি উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের সহিত সক্রিয়ভাবে সম্পর্কযুক্ত হয়, তাহা হইলে ২ প্যারার বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭-এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 10 / 48

৬। যেক্ষেত্রে, সুদদাতা ও সুদ লাভের অধিকারীর মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু প্রদত্ত সুদের পরিমাণ, যে ঋণ দাবী বাবদ সুদ প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত সুদদাতা ও সুদ লাভের অধিকারী যে পরিমাণ সুদ প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলী কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে, প্রদত্ত অতিরিক্ত অর্থ চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের আইন অনুযায়ী করযোগ্য হইবে। তবে এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিতে হইবে।

অনুচ্ছেদ ১৩

রয়্যালটি

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অর্জিত রয়্যালটি, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন অধিবাসী যদি প্রাপ্ত হন, তাহা হইলে উক্ত রয়্যালটি ঐ অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। যাহা হউক, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্র উক্ত রয়্যালটির উৎস সেই রাষ্ট্রের আইন অনুযায়ী তাহা সেই রাষ্ট্রেই করযোগ্য হইতে পারে, কিন্তু প্রাপক যদি উক্ত রয়্যালটির সুবিধা লাভের অধিকারী হন তাহা হইলে এইরূপে ধার্যকৃত কর রয়্যালটির মোট পরিমাণের শতকরা ১৫ ভাগের অধিক হইবে না।

৩। ২ প্যারার বিধানাবলীতে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, বাংলাদেশের কোন অধিবাসী যদি মালয়েশিয়ার অনুমোদিত কোন শিল্প রয়্যালটি প্রাপ্ত হন এবং তিনি যদি উহার সুবিধা লাভের অধিকারী হন, তাহা হইলে উক্ত রয়্যালটি মালয়েশীয় কর মুক্ত হইবে।

৪। (ক) এই অনুচ্ছেদে উল্লেখিত "রয়্যালটি" বলিতে পণস্বরূপ প্রাপ্ত নিম্নবর্ণিত যে-কোন প্রকারের অর্থ বুঝাইবেঃ

(১) কোন পেটেন্ট, ট্রেডমার্ক, ডিজাইন বা মডেল, পরিকল্পনা, গোপন-সূত্র (Secret formula) বা কর্ম-পদ্ধতি অথবা বিজ্ঞ-কর্মের ব্যবহার বা ব্যবহারের অধিকারের জন্য কিংবা শিল্প, বাণিজ্যিক বা বৈজ্ঞানিক সরঞ্জাম ব্যবহার বা ব্যবহারের অধিকারের জন্য কিংবা শিল্প, বাণিজ্যিক বা বৈজ্ঞানিক অভিজ্ঞতা সম্পর্কিত তথ্যের জন্য অর্থ

(২) চলচ্চিত্র-যন্ত্রের ফিল্ম, অথবা বেতার বা টেলিভিশন সম্প্রচার-টেপ, সাহিত্য বা শিল্প-কর্মের গ্রন্থস্বত্বের ব্যবহার বা ব্যবহারের অধিকারের জন্য অর্থ।

(খ) এই অনুচ্ছেদে উল্লেখিত "অনুমোদিত শিল্প রয়্যালটি" বলিতে ৪(ক)(১) উপ-প্যারায় প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী এইরূপ কোন রয়্যালটি বুঝাইবে যাহা মালয়েশিয়ার শিল্পোন্নয়নের উদ্দেশ্যে প্রদেয় বলিয়া মালয়েশিয়ার উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও স্বীকৃত এবং নিম্নবর্ণিত যে-কোন কার্যে সম্পূর্ণভাবে বা প্রধানতঃ নিয়োজিত এইরূপ কোন উদ্যোগ (Enterprise) কর্তৃক প্রদেয়ঃ

(১) উৎপাদন সংযোজন বা প্রক্রিয়াজাতকরণ,

(২) নির্মাণ, পৌর-প্রকৌশল বা জাহাজ নির্মাণ, অথবা

(৩) বিদ্যুৎ, জল-বিদ্যুৎ, গ্যাস বা পানি সরবরাহ।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৫। রয়্যালটির সুবিধা লাভের অধিকারী চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী হিসাবে চুক্তি সম্পাদনকারী অন্য যে রাষ্ট্রে রয়্যালটির উদ্ভব হইয়াছে সেই রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত অপর রাষ্ট্রে কারবার পরিচালনা করিলে, এবং যে অধিকার বা সম্পত্তি বাবদ উক্ত রয়্যালটি প্রদান করা হয় তাহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের সহিত কার্যকরভাবে সম্পর্কযুক্ত হইলে ১, ২ এবং ৩ প্যারার বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭-এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৬। চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রে রয়্যালটি তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন দাতা স্বয়ং সেই রাষ্ট্র, কোন রাজনৈতিক উপ-বিভাগ, স্থানীয় কর্তৃপক্ষ বা ঐ রাষ্ট্রের কোন অধিবাসী হন। তিনি চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের অধিবাসী হউন বা না হউন, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে রয়্যালটি প্রদানকারী ব্যক্তির যদি কোন স্থায়ী-প্রতিষ্ঠান থাকে, যাহার ব্যাপারে রয়্যালটি প্রদানের বাধ্য-বাধকতা উদ্ভূত হইয়াছে এবং উক্ত স্থায়ী প্রতিষ্ঠানকে ঐ রয়্যালটি বহন করিতে হয়, তাহা হইলে ঐরূপ রয়্যালটি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭। রয়্যালটি প্রদানকারী ও রয়্যালটির সুবিধা লাভের অধিকারী অথবা তাহাদের উভয় ও অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্কহেতু যে ব্যবহার, অধিকার অথবা তথ্য বাবদ রয়্যালটি প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া প্রদত্ত রয়্যালটির পরিমাণ, ঐরূপ সম্পর্কের অবর্তমানে উহা প্রদানকারী ও উহার সুবিধা লাভের অধিকারীর সম্মতিক্রমে স্থিরীকৃত পরিমাণ অপেক্ষা অধিক হইলে, এই অনুচ্ছেদের বিধানাবলী কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি লক্ষ্য রাখিয়া চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের স্বীয় আইন অনুযায়ী প্রদত্ত অর্থের অতিরিক্ত অর্থের উপর কর আরোপ করা হইবে।

অনুচ্ছেদ ১৪

মূলধন-মুনাফা

১। ৬ অনুচ্ছেদের ২ প্যারায় প্রদত্ত সংজ্ঞানুযায়ী স্থাবর সম্পত্তি হস্তান্তর বাবদ অর্জিত মূলধন-মুনাফা চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত সম্পত্তি অবস্থিত।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise)-এর মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের কারবারী সম্পত্তির অংশ-বিশেষ বলিয়া গণ্য এমন কোন অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অথবা পেশাগত কার্যাদি সম্পাদনের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসীর মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট কোন অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অর্জিত মূলধন-মুনাফা, এবং এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান (এককভাবে বা সমগ্র উদ্যোগ একত্রে) হস্তান্তরের মাধ্যমে অথবা উক্ত নির্দিষ্ট কেন্দ্র (base) হস্তান্তরের মাধ্যমে অর্জিত মুনাফা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

৩। এই অনুচ্ছেদের ২ প্যারার বিধানাবলীতে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের কোন অধিবাসী কর্তৃক আন্তর্জাতিক পথে পরিচালিত জাহাজ বা বিমান হস্তান্তর এবং উক্ত জাহাজ ও বিমান চলাচলের সহিত সম্পর্কযুক্ত অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অর্জিত মূলধন-মুনাফা উক্ত রাষ্ট্রের করযোগ্য হইবে।

৪। এই অনুচ্ছেদের ১, ২ ও ৩ প্যারায় উল্লেখিত সম্পত্তি ব্যতীত, অন্য কোন সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অর্জিত মূলধন-মুনাফা হস্তান্তরকারী চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের অধিবাসী কেবল সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৫

স্বতন্ত্র ব্যক্তিগত কর্ম

১। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের কোন অধিবাসীর পেশাগত কর্ম বা অনুরূপ প্রকৃতির অন্যবিধ স্বতন্ত্র কর্ম হইতে উদ্ভূত আয় কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে। তবে নিম্নবর্ণিত অবস্থার প্রেক্ষিতে কোন ব্যক্তির এইরূপ আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারেঃ

(ক) যদি অপর রাষ্ট্রে তাহার অবস্থান এক বা একাধিক মেয়াদে সর্বমোট ১৮৩ দিন কিংবা ততোধিক সময়ের জন্য হয়, অথবা

(খ) যদি অপর রাষ্ট্রে তাঁহার কর্মের পারিশ্রমিক উক্ত অপর রাষ্ট্রের অধিবাসীগণ কর্তৃক প্রদত্ত হয় অথবা রাষ্ট্রের অধিবাসী নহেন এইরূপ কোন ব্যক্তির মালিকানাধীন উক্ত রাষ্ট্রেই কোন স্থায়ী প্রতিষ্ঠান উহা বহন করে এবং উক্ত রাষ্ট্রে সংশ্লিষ্ট পঞ্জিকা-বৎসরে তাঁহার অবস্থান এক বা একাধিক মেয়াদে ১৮৩ দিনের কম হওয়া সত্ত্বেও, যদি উভয়ক্ষেত্রে উক্ত পঞ্জিকা-বৎসরে পারিশ্রমিকের পরিমাণ ৩,০০০ (তিন হাজার) মার্কিন ডলারের বেশী হয়।

২। "পেশাগত কর্ম" বলিতে বৈজ্ঞানিক, সাহিত্য, শিল্প, শিক্ষাগত বা শিক্ষাদানের ন্যায় বিশেষতঃ স্বতন্ত্র কর্মকে বুঝাইবে এবং চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী, স্থপতি, দন্ত-চিকিৎসক ও হিসাব রক্ষকগণের স্বতন্ত্র কর্মও ইহার অন্তর্ভুক্ত হইবে।

অনুচ্ছেদ ১৬

নির্ভরশীল ব্যক্তিগত কর্ম

১। ১৭, ১৮, ১৯, ২০ এবং ২১ অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী কর্তৃক কৃতকার্যের জন্য প্রাপ্ত বেতন, মজুরী এবং অনুরূপ অন্যবিধ পারিশ্রমিক কেবলমাত্র উক্ত রাষ্ট্রে করযোগ্য হইবে যদি না তাহা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত হয়। যদি উক্ত কার্য চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত হয়, তাহা হইলে উহা হইতে অর্জিত পারিশ্রমিক উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। এই অনুচ্ছেদের ১ প্যারার বিধানাবলীতে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন অধিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত কোন কার্যের জন্য প্রাপ্ত পারিশ্রমিক কেবলমাত্র প্রথমোক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদিঃ

(ক) প্রাপক উক্ত অপর রাষ্ট্রে কোন অর্থ-বৎসরে এক বা একাধিক মেয়াদে সর্বমোট অনধিক ১৮৩ দিন অবস্থান করিয়া থাকেন, এবং

(খ) অপর রাষ্ট্রের অধিবাসী নহেন এইরূপ কোন নিয়োগকর্তা কর্তৃক অথবা তাঁহার পক্ষে উক্ত পারিশ্রমিক প্রদান করা হয়, এবং

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) নিয়োগকর্তার মালিকানাধীন অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত পারিশ্রমিক বহন করা না হয়।

৩। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলীতে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise) কর্তৃক আন্তর্জাতিক পরিবহন পথে কোন জাহাজ বা বিমানে সম্পাদিত কার্যের জন্য প্রাপ্ত পারিশ্রমিক যে রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনার কর্মক্ষেত্র রহিয়াছে সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৭

পরিচালক ফিস

চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন অধিবাসী, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের অধিবাসী কোন কোম্পানীর পরিচালকমণ্ডলীর সদস্যরূপে পরিচালক ফিস এবং অনুরূপ কোন অর্থ প্রাপ্ত হইলে তাহা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৮

পেশাদার শিল্পী ও ক্রীড়াবিদ

১। ১৫ এবং ১৬ অনুচ্ছেদের বিধানাবলীতে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, নাট্যশালা, চলচ্চিত্র, বেতার বা টেলিভিশন এবং সংগীতজ্ঞের ন্যায় সাধারণ চিত্তবিনোদনকারী কর্তৃক, এবং ব্যক্তিগত কাজের মাধ্যমে ক্রীড়াবিদগণ কর্তৃক অর্জিত আয় চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে তাহাদের নৈপুণ্য প্রদর্শন করা হয় সেই রাষ্ট্রে করযোগ্য হইবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত রাষ্ট্রে সাধারণ চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদগণের অনুরূপ ভ্রমণ চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের সম্মতিক্রমে কোন সাংস্কৃতিক অথবা ক্রীড়া বিনিময় কর্মসূচীর অধীন অনুষ্ঠিত হইলে অনুরূপ আয় উক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে করযোগ্য হইবে না।

২। ৭ অনুচ্ছেদের বিধানাবলীতে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, যেক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise) কর্তৃক ১ প্যারায় বর্ণিত ব্যক্তিগত কার্যের যোগান দেওয়া হয়, সেক্ষেত্রে উক্ত উদ্যোগ কর্তৃক অনুরূপভাবে ব্যবস্থিত কার্যের মাধ্যমে অর্জিত মুনাফা প্রথমোক্ত রাষ্ট্রে করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৯

পেনশন

১। ২০ অনুচ্ছেদের ১ প্যারার বিধানাবলী সাপেক্ষে, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের অধিবাসীকে প্রদত্ত পেনশন, বার্ষিক-বৃত্তি, এবং অনুরূপ অন্যান্য পারিশ্রমিক কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। এই অনুচ্ছেদে বর্ণিত "পেনশন বার্ষিক-বৃত্তি এবং অনুরূপ অন্যান্য পারিশ্রমিক" বলিতে অবসরগ্রহণের পর অতীত চাকুরীর নিমিত্ত কিংবা অতীত চাকুরীর ক্ষেত্রে আঘাত-

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ২০

সরকারী কার্যাবলী

১। সরকারী কার্য সম্পাদনকালে, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র বা উহার রাজনৈতিক কোন উপ-বিভাগ বা স্থানীয় কোন কর্তৃপক্ষের জন্য সম্পাদিত কর্মের বিনিময়ে, উক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের নাগরিক এমন কোন ব্যক্তিকে উক্ত রাষ্ট্র বা উহার রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অথবা চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্র কর্তৃক সৃষ্ট তহবিল হইতে প্রদত্ত পেনশনসহ পারিশ্রমিক কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র বা উহার রাজনৈতিক কোন উপ-বিভাগ অথবা স্থানীয় কোন কর্তৃপক্ষ মুনাফা লাভের উদ্দেশ্যে তৎকর্তৃক পরিচালিত কোন কারবারে কার্য-সম্পাদনের জন্য প্রদত্ত পারিশ্রমিকের ক্ষেত্রে ১৬, ১৭ এবং ১৯ অনুচ্ছেদের বিধানাবলী প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২১

শিক্ষক, ছাত্র ও শিক্ষানবীশ

১। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের যে-কোন একটির অধিবাসী এমন কোন ব্যক্তি যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের সরকার অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন বিশ্ববিদ্যালয়ে বা অনুমোদিত কোন শিক্ষা-প্রতিষ্ঠানের আমন্ত্রণক্রমে মূলতঃ উক্ত বিশ্ববিদ্যালয় অথবা অনুমোদিত অন্য কোন শিক্ষা-প্রতিষ্ঠানে শিক্ষা প্রদান কিংবা গবেষণা কার্য পরিচালনার উদ্দেশ্যে অথবা উক্ত উভয় উদ্দেশ্যে চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রে ভ্রমণ করেন, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রে তাঁহার আগমনের তারিখ হইতে অনধিক দুই বৎসরের জন্য উক্ত বিশ্ববিদ্যালয়ে অথবা অনুমোদিত উক্ত শিক্ষা-প্রতিষ্ঠানে শিক্ষাদান বা গবেষণা কার্য পরিচালনার জন্য অথবা উক্ত উভয় উদ্দেশ্যে তিনি চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রে তাঁহার ব্যক্তিগত কর্মের বিনিময়ে অর্জিত আয়ের উপর ধার্যাই কর হইতে অব্যাহতি পাইবেন।

২। চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিত পূর্বে, চুক্তি সম্পাদনকারী একটি রাষ্ট্রের অধিবাসী ছিলেন এমন কোন ব্যক্তি উক্ত অপর রাষ্ট্রের বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়, বিদ্যালয়ে অথবা অনুরূপ অন্য কোন শিক্ষা-প্রতিষ্ঠানে কেবল ছাত্র হিসাবে, অথবা ব্যবসায়ী কিংবা কারিগরি শিক্ষানবীশ হিসাবে উক্ত অপর রাষ্ট্রে অস্থায়ীভাবে অবস্থান করিলে উক্ত ভ্রমণের ব্যাপারে সেই অপর রাষ্ট্রে তাহার প্রথম উপস্থিতির তারিখ হইতে তিনি উক্ত রাষ্ট্রে অনধিক পাঁচ বৎসর পর্যন্ত নিম্নবর্ণিত ক্ষেত্রে ধার্যাই কর প্রদান করা হইতে অব্যাহতি পাইবেনঃ

(ক) তাঁহার ভরণ-পোষণ, শিক্ষা ও প্রশিক্ষণের জন্য বিদেশ হইতে প্রেরিত অর্থ; এবং

(খ) ঐ সকল উদ্দেশ্যে তাহার প্রাপ্ত অর্থের কমতি পূরণের জন্য চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রে তিনি ব্যক্তিগতভাবে যে কর্ম করেন উহার পারিশ্রমিক।

৩। চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিত পূর্বে, চুক্তি সম্পাদনকারী একটি রাষ্ট্রের অধিবাসী ছিলেন এমন কোন ব্যক্তি কোন বৈজ্ঞানিক, শিক্ষা, ধর্মীয় বা দাতব্য সংগঠন হইতে অথবা চুক্তি সম্পাদনকারী কোন একটি রাষ্ট্রের সরকারের সহিত সম্পাদিত কারিগরি

সাহায্য কর্মসূচীর অধীনে কোন মঞ্জুরী, ভাতা বা পুরস্কার পাইয়া কেবল অধ্যয়ন, গবেষণা বা প্রশিক্ষণের উদ্দেশ্যে উক্ত অপর রাষ্ট্রে অস্থায়ীভাবে অবস্থান করিলে উক্ত ভ্রমণের ব্যাপারে অপর রাষ্ট্রে তাঁহার প্রথম উপস্থিতির তারিখ হইতে অনধিক পাঁচ বৎসরের জন্য তিনি উক্ত অপর রাষ্ট্রে নিম্নলিখিত আয়ের ক্ষেত্রে কর প্রদান করা হইতে অব্যাহতি পাইবেনঃ

(ক) অনুরূপ মঞ্জুরী, ভাতা বা পুরস্কার বাবদ প্রাপ্ত অর্থ; এবং

(খ) নিজ ভরণ-পোষণ, শিক্ষা ও প্রশিক্ষণের জন্য বিদেশ হইতে প্রেরিত অর্থ।

অনুচ্ছেদ ২২

অন্যান্য আয়

১। চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রের কোন অধিবাসীর এইরূপ কোন আয় যাহা এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই, তাহা যেখানেই উদ্ভূত হউক না কেন, কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। ১ প্যারার বিধানাবলীতে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই, চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রের কোন অধিবাসীর এইরূপ যে-কোন আয়, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উদ্ভূত হইলে তাহা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ২৩

দ্বৈত করারোপণ পরিহার

১। বাংলাদেশের বাহিরে কোন ভূ-খণ্ডে প্রদেয় যে কর বাংলাদেশ কর খাতে জমা হিসাবে গণ্য তৎসম্পর্কে বাংলাদেশের আইনের বিধান (যাহা উহার সাধারণ নীতিকে প্রভাবিত করিবে না) সাপেক্ষে, মালয়েশিয়ার অভ্যন্তরের উৎসসমূহ হইতে প্রাপ্ত আয়ের উপর মালয়েশীয় আইন অনুযায়ী এবং এই চুক্তি অনুসারে সরাসরি অথবা কর্তনপূর্বক প্রদেয় কর, মালয়েশীয় আয়ের উপর যে প্রকারে কর হিসাব করা হয়, সেই একই প্রকারে অনুরূপ আয়ের উপর প্রদেয় বাংলাদেশের যে-কোন কর হিসাব করা হইবে।

২। এই অনুচ্ছেদের ১ প্যারার উদ্দেশ্য সাধনকল্পে "মালয়েশীয় আইন অনুযায়ী প্রদেয় কর" বলিতে নিম্নবর্ণিত কর বুঝাইবে, এবং ইহার অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবেঃ

(ক) মালয়েশিয়ার অধিবাসী কোন কোম্পানীর নিকট হইতে প্রাপ্ত লভ্যাংশের ক্ষেত্রে, এই চুক্তি স্বাক্ষরের তারিখে মালয়েশিয়ার অর্থনৈতিক উন্নয়ন সাধনে প্রেরণা-দানকারী করের ব্যাপারে মালয়েশিয়ায় যে সকল আইন বলবৎ ছিল সেই সকল আইনের অধীন অথবা সেই সকল আইন সংশোধনক্রমে অথবা সেই সকল আইনের অতিরিক্ত যে আইনসমূহ চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মূলতঃ একই ধরণের আইন বলিয়া স্বীকৃত সেই আইনসমূহ পরবর্তীকালে যাহা মালয়েশিয়ায় প্রবর্তন করা যাইতে পারে তদধীন মঞ্জুরকৃত কর অব্যাহতি না থাকিলে, মোট যে লভ্যাংশের উপর মালয়েশীয় কর প্রদেয়

হইত মোট সেই পরিমাণ লভ্যাংশের শতকরা অনধিক ১৫ ভাগ;

(খ) অনুচ্ছেদ ১২-এর ৩ প্যারা প্রযোজ্য এইরূপ সুদের ক্ষেত্রে, যে পরিমাণ সুদের ব্যাপারে উক্ত প্যারা অনুসারে কর অব্যাহতি না থাকিলে, যে পরিমাণ মালয়েশীয় কর প্রদেয় হইত, সেই পরিমাণ মোট সুদের শতকরা অনধিক ১৫ ভাগ;

(গ) অনুচ্ছেদ ১৩-এর ৩ প্যারা প্রযোজ্য এইরূপ অনুমোদিত শিল্প রয়্যালটির ক্ষেত্রে, যে পরিমাণ রয়্যালটির ব্যাপারে উক্ত প্যারা অনুযায়ী কর অব্যাহতি না থাকিলে, যে পরিমাণ মালয়েশীয় কর প্রদেয় হইত, সেই পরিমাণ মোট রয়্যালটির শতকরা অনধিক ১৫ ভাগ।

৩। মালয়েশিয়া ব্যতীত অন্য যে-কোন দেশে প্রদেয় যে কর মালয়েশিয়ার দুস্তরী হিসাবে কর খাতে জমা সম্পর্কিত মালয়েশীয় আইনের বিধান (যাহা ইহার সাধারণ নীতিকে প্রভাবিত করিবে না) সাপেক্ষে, বাংলাদেশের অভ্যন্তরের উৎসসমূহ হইতে প্রাপ্ত এবং বাংলাদেশ ও মালয়েশিয়া এই উভয় দেশে করারোপযোগ্য আয়ের ক্ষেত্রে মালয়েশিয়ার কোন অধিবাসী কর্তৃক বাংলাদেশের আইন অনুযায়ী এবং এই চুক্তি অনুসারে সরাসরি অথবা কর্তনপূর্বক প্রদেয় কর, (লভ্যাংশের ক্ষেত্রে, যে মুনাফা হইতে উক্ত লভ্যাংশ প্রদান করা হয় সেই মুনাফার উপর প্রদেয় কর বাদে) অনুরূপ আয়ের ক্ষেত্রে উক্ত প্রদেয় কর মালয়েশীয় কর খাতে জমা হিসাবে দেখানো যাইবে, তবে উক্ত আয় মালয়েশীয় করারোপযোগ্য সমগ্র আয়ের মধ্যে মালয়েশীয় করের যে অনুপাত তদপেক্ষা উহার পরিমাণ অধিক হইবে না।

৪। ৩ প্যারার উদ্দেশ্য সাধনকল্পে "বাংলাদেশের আইন অনুযায়ী প্রদেয় কর" বলিতে নিম্নবর্ণিত যে কোন কর বুঝাইবে এবং উহার অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে:

(ক) অনুচ্ছেদ ১১-এর ২ প্যারার অধীন লভ্যাংশের উপর শতকরা ১৫ ভাগ কর;

(খ) অনুচ্ছেদ ১২-এর ২ প্যারার অধীন সুদের উপর শতকরা ১৫ ভাগ কর; এবং

(গ) অনুচ্ছেদ ১৩-এর ২ প্যারার অধীন রয়্যালটির উপর শতকরা ১৫ ভাগ কর।

এই চুক্তি স্বাক্ষরের তারিখে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার উদ্দেশ্যে কার্যকরকরণের বিশেষ আইন অনুসারে অথবা চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণের সম্মতিক্রমে প্রচলিত আইন সংশোধন করিবার পর, কিংবা উহার অতিরিক্ত আইন প্রবর্তনের পর তদধীন কর হ্রাস বা কর অব্যাহতি না থাকিলে, যে পরিমাণ কর প্রদেয় হইত সেই পরিমাণ কর।

৫। ১ প্যারার উদ্দেশ্য সাধনকল্পে বাংলাদেশের কোন অধিবাসী কর্তৃক চলচ্চিত্র ভাড়া-স্বরূপ অর্জিত রয়্যালটি মালয়েশিয়ার চলচ্চিত্র যন্ত্র ভাড়া বাবত শুল্কের আওতাভুক্ত হইলে, উক্ত শুল্ক মালয়েশীয় কর বলিয়া গণ্য হইবে।

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 17 / 48

অনুচ্ছেদ ২৪

বৈষম্য অপনয়ন

১। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের নাগরিকগণ যেসব অবস্থায় ও যেসব শর্তে কোন কর ও তৎসংশ্লিষ্ট প্রয়োজনের আওতাধীন হইয়া থাকেন বা হইতে পারেন সেইরূপ অবস্থায় ও সেইরূপ শর্তে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নাগরিকগণ প্রথমোক্ত রাষ্ট্রে তাহা হইতে ভিন্নতর বা অধিকতর দুর্বহ কোন কর বা তৎসংশ্লিষ্ট কোন প্রয়োজনের আওতাধীন হইবেন না।

২। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের কোন উদ্যোগ (enterprise)-এর স্থায়ী প্রতিষ্ঠান চুক্তি সম্পাদনকারী অন্য রাষ্ট্রে অবস্থিত থাকিয়া উক্ত অপর রাষ্ট্রের উদ্যোগের ন্যায় একই অবস্থায় ও একই শর্তে একই ধরণের কার্যাবলী পরিচালনা করিতে থাকিলে, সেই প্রতিষ্ঠানের উপর ধার্যাই কর উক্ত অপর রাষ্ট্রের কোন উদ্যোগের উপর আরোপিত করের ন্যায় সমদৃষ্টিভংগী-সহকারে আরোপ করা হইবে।

৩। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের উদ্যোগসমূহ (enterprises) যাহাদের পুঁজির সমগ্র অংশ বা অংশবিশেষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের এক বা একাধিক অধিবাসীর মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন হইলে, চুক্তি সম্পাদনকারী প্রথমোক্ত রাষ্ট্রের অনুরূপ উদ্যোগ যেসব অবস্থায় ও শর্তে কোন কর অথবা তৎসংশ্লিষ্ট প্রয়োজনের আওতাধীন হইয়া থাকে বা হইতে পারে, সেই সকল প্রতিষ্ঠান অনুরূপ অবস্থায় ও শর্তে প্রথমোক্ত রাষ্ট্রে তদপেক্ষা ভিন্নতর বা অধিকতর দুর্বহ কোন কর বা তৎসংশ্লিষ্ট প্রয়োজনের আওতাধীন হইবে না।

৪। এই অনুচ্ছেদের ১, ২, এবং ৩ প্যারার কোন কিছুই—

(ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র তাহার নিজ অধিবাসীকে যে ব্যক্তিগত ভাতা, সাহায্য বা হ্রাস মঞ্জুর করিয়া থাকেন, তাহা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের অধিবাসীকে প্রদানের জন্য চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রকে বাধ্য করে বলিয়া ব্যাখ্যা করা যাইবে না;

(খ) অনধিবাসী ব্যক্তিদের উপর করারোপের ক্ষেত্রে, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের নিজ নিজ কর আইনের বিধান প্রভাবিত করে বলিয়া ব্যাখ্যা করা যাইবে না

(গ) সুনির্দিষ্ট শর্ত পূরণকারী ব্যক্তিগণকে কোন কর রেয়াত মঞ্জুর করা সম্পর্কে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের নিজ নিজ কর আইনের বিধান প্রভাবিত করে বলিয়া ব্যাখ্যা করা যাইবে না।

৫। এই অনুচ্ছেদে "করারোপণ" (taxation) বলিতে এই চুক্তির আওতাধীন করসমূহ বুঝাইবে।

অনুচ্ছেদ ২৫

পারস্পরিক মতৈক্যের কার্যপদ্ধতি

১। যেক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের কোন অধিবাসী মনে করেন যে, চুক্তি সম্পাদনকারী একটি রাষ্ট্রের অথবা উভয় রাষ্ট্রের গৃহীত ব্যবস্থার ফলে তাহার উপর এই চুক্তির বরখেলাফে করারোপ করা হইয়াছে অথবা হইবে, সেক্ষেত্রে এই সকল রাষ্ট্রের জাতীয় আইনে ব্যবস্থিত প্রতিকারের প্রতি বিরূপ মনোভাব পোষণ না করিয়া চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের তিনি অধিবাসী সেই রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট বিষয়টি উত্থাপন করিতে পারিবেন। উক্ত কর ধার্যের তারিখ অথবা উৎসস্থলে কর আটক রাখার তারিখের মধ্যে যে তারিখ পরে আসে সেই তারিখ হইতে তিন বৎসরের মধ্যে বিষয়টি অবশ্যই উত্থাপন করিতে হইবে।

২। যদি আপত্তিটি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট ন্যায়সঙ্গত বলিয়া প্রতীয়মান হয় এবং উক্ত কর্তৃপক্ষ উহার সুষ্ঠু সমাধানে উপনীত হইতে অপারগ হন তাহা হইলে চুক্তির বরখেলাফে করারোপ পরিহারের উদ্দেশ্যে উক্ত কর্তৃপক্ষ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের সহিত পারস্পরিক সম্মতির মাধ্যমে বিষয়টি মীমাংসা করিবার জন্য প্রচেষ্টা চালাইবেন। যদি কোন সমঝোতায় পৌঁছানো যায় তবে তাহা চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের কর আইনে নির্ধারিত যে কোন সময়সীমা থাকা সত্ত্বেও, তাহা বাস্তবায়ন করা হইবে।

৩। এই চুক্তির ব্যাখ্যা অথবা প্রয়োগ সম্পর্কে কোন সংকট বা সংশয় দেখা দিলে তাহা নিরসনের জন্য চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক সম্মতির মাধ্যমে প্রচেষ্টা চালাইবেন। এই চুক্তিতে বিধান করা হয় নাই এইরূপ কোন ক্ষেত্রে দ্বৈত কর পরিহারের উদ্দেশ্যে তাঁহারা পরস্পর আলাপ-আলোচনাও করিতে পারিবেন।

৪। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ এই চুক্তির বিধানসমূহ প্রয়োগের উদ্দেশ্যে পরস্পরের সহিত সরাসরি যোগাযোগ স্থাপন করিতে পারিবেন।

অনুচ্ছেদ ২৬

তথ্য বিনিময়

১। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ, এই চুক্তির বিধানাবলী পালনের জন্য প্রয়োজনীয় তথ্য বা দলিল বিনিময় করিবেন। এইরূপে বিনিময়কৃত কোন তথ্য বা দলিল গোপনীয় বলিয়া গণ্য হইবে এবং এই চুক্তির আওতাধীন করারোপণ বা কর আদায় অথবা তৎসম্পর্কিত কোন আপীল নিষ্পত্তিকরণ বা অপরাধে অভিযুক্তকরণের সহিত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বা কর্তৃপক্ষ ব্যতীত অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের নিকট তাহা প্রকাশ করা যাইবে না।

২। নিম্নলিখিত ক্ষেত্রে, কোন অবস্থায়ই ১ প্যারার বিধানাবলী চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের কোনটির উপর কোন বাধ্যবাধকতা আরোপ করে বলিয়া ব্যাখ্যা করা যাইবে না:

(ক) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের বা অপর রাষ্ট্রের আইনসমূহ অথবা প্রশাসনিক রীতির পরিপন্থী প্রশাসনিক কোন ব্যবস্থা কার্যকর করা;

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের বা অপর রাষ্ট্রের আইনসমূহের অধীন অথবা স্বাভাবিক প্রশাসনিক পদ্ধতি অনুযায়ী যে বিবরণাদি সংগ্রহ করা যায় না তাহা সরবরাহ করা

(গ) কোন ব্যবসায়, কারবার, শিল্প, বাণিজ্য বা পেশাগত গোপনীয়তা অথবা বাণিজ্যিক প্রক্রিয়া ফাঁস হইয়া যায় এমন কোন তথ্য বা দলিল সরবরাহ করা বা যে তথ্য প্রকাশ করা সরকারী নীতির পরিপন্থী হইতে পারে এইরূপ কোন তথ্য সরবরাহ করা।

অনুচ্ছেদ ২৭

কূটনৈতিক ও দূতাবাসীয় কর্মচারীবৃন্দ

এই চুক্তির কোন কিছুই আন্তর্জাতিক আইনের সাধারণ নিয়ম-কানুনের অথবা বিশেষ চুক্তির বিধানাবলীর আওতায় কূটনৈতিক অথবা দূতাবাসীয় কর্মচারীবৃন্দকে প্রদত্ত আর্থিক সুযোগ-সুবিধা প্রভাবিত করিবে না।

অনুচ্ছেদ ২৮

বলবৎ হওয়া

এই চুক্তিকে যথাক্রমে বাংলাদেশ ও মালয়েশিয়ায় আইনের ক্ষমতা প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনীয় যাবতীয় কার্যের সর্বশেষ কার্য যে তারিখে বাংলাদেশ ও মালয়েশিয়ায় সুসম্পন্ন হইবে সেই তারিখ হইতে এই চুক্তি বলবৎ হইবে, এবং ইহার পর ১৯৮২ সনের জানুয়ারী মাসের ১লা তারিখ কিংবা উহার পর হইতে আরম্ভ করিয়া কর নির্ধারণের যে কোন বৎসর উহা কার্যকর হইবে।

অনুচ্ছেদ ২৯

অবসান

এই চুক্তি অনির্দিষ্টকালের জন্য বলবৎ থাকিবে, তবে ১৯৮৬ সনের পর, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের যে কোন একটি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রকে এই চুক্তি অবসানের নোটিশ প্রদান করিতে পারিবেন, এবং এইরূপ ক্ষেত্রে, যে বৎসর অনুরূপ অবসানের নোটিশ প্রদান ধরা হইবে সেই বৎসরের পরবর্তী বৎসরের ১লা জানুয়ারী বা উহার পর হইতে আরম্ভ করিয়া কর নির্ধারণের যে কোন বৎসর এই চুক্তি আর কার্যকর থাকিবে না।

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 20 / 48

এই চুক্তির স্বাক্ষীস্বরূপ এতদবিষয়ে নিম্নস্বাক্ষরকারীগণ তাঁহাদের নিজ নিজ সরকার কর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত হইয়া ইহাতে স্বাক্ষর দান করিবেন।

অদ্য ১৯ই এপ্রিল, ১৯৮৩ ইং তারিখে ঢাকায়
(স্থান)

মালয়েশীয়, বাংলা এবং ইংরাজী ভাষায় ইহার তিনটি মূল লিপি সম্পাদিত হইল। এই চুক্তির প্রত্যেকটি পাঠই সমভাবে প্রামাণ্য। তবে ব্যাখ্যার ক্ষেত্রে কোনরূপ মতানৈক্যের সৃষ্টি হইলে ইহার ইংরাজী পাঠই প্রাধান্য পাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
সরকারের পক্ষে।

(এ, আর, শামস্-উদ্-দোহা)

মালয়েশিয়া সরকারের
পক্ষে।

(তান শ্রী হাজী মুহাম্মদ
ঘাযালী বিন শফী)

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

প্রোটকল

১। মালয়েশিয়া সরকার এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে দ্বৈত কর আরোপণ পরিহার এবং আয়করের ক্ষেত্রে সরকারী রাজস্ব এড়ানো প্রতিরোধ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের সময় নিম্নস্বাক্ষরকারীগণ সম্মত হইয়াছেন যে, নিম্নলিখিত বিধানাবলী এই চুক্তির অবিচ্ছেদ্য অংশ হিসাবে গণ্য হইবেঃ

২। অনুচ্ছেদ ৭-এর "কারবারী মুনাফা" প্রসংগেঃ

এই চুক্তির কোন কিছু, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের বীমা-ব্যবসায় হইতে আয় বা মুনাফার উপর কর ধার্যকরণ সংক্রান্ত কোন আইনের কার্যকরতার ক্ষেত্রে কোনরূপ বিঘ্নের সৃষ্টি করিবে না; তবে এই চুক্তি স্বাক্ষরের তারিখে চুক্তি সম্পাদনকারী যে কোন একটি রাষ্ট্রে বলবৎ সংশ্লিষ্ট আইন (ইহার সাধারণ বৈশিষ্ট্য অক্ষুণ্ন রাখিয়া খুঁটিনাটি বিষয় ব্যতীত ভিন্নরূপে) সংশোধন করা হইলে, এই প্যারার যথাবিহিত সংশোধনের উদ্দেশ্যে রাষ্ট্রসমূহ সম্মত হওয়ার জন্য পরস্পরের সহিত আলোচনা করিবেন।

৩। অনুচ্ছেদ ১১-এর লভ্যাংশ প্রসংগেঃ

(১) এই চুক্তি স্বাক্ষরের তারিখের পর মালয়েশিয়ায় কর্পোরেশন কর (যে করের জন্য শেয়ারহোল্ডারগণকে ক্রেডিট প্রদান করা হয় না কিংবা আংশিক ক্রেডিট প্রদান ধরা হয়), এবং অধিকতর লভ্যাংশ কর প্রবর্তনের ফলে যদি কোম্পানীসমূহের আয় ও উহার বণ্টনের প্রতি প্রযোজ্য কর-নির্ধারণ পদ্ধতি পরিবর্তিত হয়, তাহা হইলে বাংলাদেশের অধিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর ধার্যযোগ্য মালয়েশীয় কর উক্ত লভ্যাংশের মোট পরিমাণের শতকরা ১৫ ভাগের অধিক হইবে না।

(২) মালয়েশিয়া সরকার এবং প্রজাতন্ত্রী সিংগাপুর সরকারের মধ্যে '১৯৬৮ সনের ২৬শে ডিসেম্বর তারিখে সিংগাপুরে স্বাক্ষরিত দ্বৈত কর আরোপণ পরিহার এবং আয়করের ব্যাপারে সরকারী রাজস্ব এড়ানো প্রতিরোধ সম্পর্কিত চুক্তির অনুচ্ছেদ ৭-এর উদ্দেশ্যসমূহ পূরণকল্পে—

(ক) কোন কোম্পানী কর্তৃক প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে—

(১) সেই কোম্পানী মালয়েশিয়া ও সিংগাপুর এই উভয় রাষ্ট্রের অধিবাসী হইয়া থাকিলে এবং যে সভায় উক্ত লভ্যাংশ ঘোষিত হইয়াছিল তাহা মালয়েশিয়ায় অনুষ্ঠিত হইয়া থাকিলে, অথবা

(২) সেই কোম্পানী সিংগাপুরের অধিবাসী হইয়া থাকিলে এবং উক্ত লভ্যাংশ প্রদানকালে উক্ত কোম্পানী নিজেকে মালয়েশিয়ার অধিবাসী বলিয়া ঘোষণা করিয়া থাকিলে,

মালয়েশিয়ার অধিবাসী উক্ত কোম্পানী কর্তৃক উক্ত লভ্যাংশ প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) কোন কোম্পানী কর্তৃক প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে—

(১) সেই কোম্পানী মালয়েশিয়া ও সিংগাপুর এই উভয় রাষ্ট্রের অধিবাসী হইয়া থাকিলে এবং যে সভায় লভ্যাংশ ঘোষিত হইয়াছিল তাহা সিংগাপুরে অনুষ্ঠিত হইয়া থাকিলে; অথবা

(২) সেই কোম্পানী মালয়েশিয়ার অধিবাসী হইয়া থাকিলে, এবং উক্ত লভ্যাংশ প্রদানকালে উক্ত কোম্পানী নিজেকে সিংগাপুরের অধিবাসী বলিয়া ঘোষণা করিয়া থাকিলে, মালয়েশিয়ার অধিবাসী নয় এইরূপ কোন কোম্পানী কর্তৃক উক্ত লভ্যাংশ প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

S.R.O. No. 67/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 22 / 48

৪। অনুচ্ছেদ ১৪-এর "মূলধন মুনাফা" প্রসংগে ঃ

অনুচ্ছেদ ১৪-এর উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, বাংলাদেশে অবস্থিত যে কোম্পানীর সম্পত্তি মূলতঃ স্থাবর সম্পত্তি লইয়া গঠিত উহার শেয়ারসমূহ বাংলাদেশে অবস্থিত স্থাবর সম্পত্তি বলিয়া গণ্য হইবে।

এই চুক্তির সাক্ষীস্বরূপ, এতদবিষয়ে নিম্নস্বাক্ষরকারীগণ তাঁহাদের নিজ নিজ সরকার কর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত হইয়া ইহাতে স্বাক্ষরদান করিলেন।

অদ্য ১৯ই এপ্রিল, ১৯৮৯ ইং তারিখে ঢাকায়
(স্থান)

মালয়েশীয়, বাংলা এবং ইংরাজী ভাষায় ইহার তিনটি মূল লিপি সম্পাদিত হইল। ইহার প্রত্যেকটি পাঠই সমভাবে প্রামাণ্য। তবে ব্যাখ্যার ক্ষেত্রে কোনরূপ মতানৈক্যের সৃষ্টি হইলে, ইংরাজী পাঠই প্রাধান্য পাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
সরকারের পক্ষে।

(এ, আর, শামস্-উদ্-দোহা)

মালয়েশিয়া সরকারের
পক্ষে।

(তান শ্রী হাজী মুহাম্মদ
ঘাযালী বিন শফী)

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড: একরাম হোসেন
সচিব

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা মাঘ, ১৩৯৬/১৫ ফেব্রুয়ারী, ১৯৯০

নং এস, আর, ও ৬৭-আইন/৯০—যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মালয়েশীয় সরকার দ্বৈত করারোপণ পরিহার এবং আয়ের উপর কর সম্পর্কিত রাজস্ব ফাঁকি প্রতিরোধের জন্য চুক্তি সম্পাদন করিয়াছেন;

সেহেতু, এক্ষণে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984), এর Section 144 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিলেন যে, এতদসংগে সংযোজিত উক্ত চুক্তির বিধানাবলী বাংলাদেশে কার্যকর হইবে।

চুক্তি

AGREEMENT BETWEEN THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH AND THE GOVERNMENT OF MALAYSIA FOR THE AVOIDANCE OF DOUBLE TAXATION AND THE PREVENTION OF FISCAL EVASION WITH RESPECT TO TAXES ON INCOME :

THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

AND

THE GOVERNMENT OF MALAYSIA

Desiring to conclude an Agreement for the avoidance and the prevention of fiscal evasion with respect to taxes on income :

Have agreed as follows :

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Article 1

PERSONAL SCOPE

This Agreement shall apply to persons who are residents of one or both of the Contracting States.

Article 2

TAXES COVERED

1. This Agreement shall apply to taxes on income imposed by each Contracting State irrespective of the manner in which they are levied.

2. The existing taxes to which this Agreement shall apply are :

(a) in the case of Bangladesh : the income tax;
(hereinafter referred to as "Bangladesh tax");

(b) in the case of Malaysia :

(i) the income tax and excess profit tax;

(ii) the supplementary income taxes, that is, tin profits tax, development tax and timber profits tax; and

(iii) the petroleum income tax;
(hereinafter referred to as "Malaysian tax").

3. This Agreement shall also apply to any identical or substantially similar taxes which are subsequently imposed in addition to, or in place of, the existing taxes. The competent authorities of the Contracting States shall notify each other of any significant changes which have been made in their respective taxation laws.

Article 3

GENERAL DEFINITIONS

1. In this Agreement, unless the context otherwise requires :

(a) the term "Bangladesh" means the People's Republic of Bangladesh;

(b) the term "Malaysia" means the Federation of Malaysia and includes any area adjacent to the territorial waters of Malaysia which, in accordance with international law, has been or may hereafter be designated under the laws of Malaysia as an area within which the rights of Malaysia with respect to the sea bed and sub-soil and their natural resources may be exercised;

(c) the terms "a Contracting State" and "the other Contracting State" mean Bangladesh or Malaysia, as the context requires;

(d) the term "tax" means Bangladesh tax or Malaysian tax, as the context requires;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

